

বিএন ওয়েবসাইটে প্রকাশের জন্য খুলনা নৌ অঞ্চলের এপ্রিল -২০২২ মাসের গুরুত্বপূর্ণ কর্মকাণ্ডের সচিত্র প্রতিবেদন

১। বানোজা তিতুমীর।

ক। ১৭৫ তম নৌ স্কাউটস পারদর্শিতা ব্যাজ কোর্স-২০২২। ১৭৫ তম নৌ স্কাউটস পারদর্শিতা ব্যাজ কোর্স-২০২২ এর সমাপনী অনুষ্ঠান বিএন স্কুল এন্ড কলেজ খুলনায় শহীদ মোয়াজ্জম অডিটোরিয়াম হলে অনুষ্ঠিত হয়। উক্ত সমাপনী অনুষ্ঠানে অধিনায়ক বানোজা তিতুমীর ক্যাপ্টেন মির্জা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, পিএসসি, বিএন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



১৭৫ তম নৌ স্কাউটস পারদর্শিতা ব্যাজ কোর্স-২০২২ এর সমাপনী অনুষ্ঠানের খন্ডচিত্র।

খ। বিএন লজিস্টিক'স সেমিনার ২০২২ উদযাপন। গত ১০ ও ১১ এপ্রিল ২০২২ তারিখে সকাল ০৯৩০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে কমান্ডার খুলনা নৌ অঞ্চলের তত্ত্বাবধানে বিএন লজিস্টিক'স সেমিনার ২০২২ উদযাপন করা হয়। উক্ত সেমিনারে অত্র ঘাঁটির মনোনীত কর্মকর্তাগণ এবং অত্র নৌ অঞ্চলের ক্যাপ্টেন ও তদুর্ধ্ব কর্মকর্তাসহ মনোনীত কর্মকর্তা উপস্থিত ছিলেন।



ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে বিএন লজিস্টিক সেমিনার ২০২২ উদযাপন এর খন্ডচিত্র।

গ। এরিয়া ইফতার পার্টি ২০২২ উদযাপন। গত ১১ এপ্রিল ২০২২ তারিখে এরিয়া স্পোর্টস কমপ্লেক্সে কমান্ডার খুলনা নৌ অঞ্চলের তত্ত্বাবধানে বানোজা তিতুমীরের ব্যবস্থাপনায় এরিয়া ইফতার পার্টির আয়োজন করা হয়। উক্ত ইফতার পার্টিতে মাননীয় নৌবাহিনী প্রধান এডমিরাল এম শাহীন ইকবাল, এনবিপি, এনইউপি, এনডিসি, এএফডিবিউসি, পিএসসি প্রদান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



মাননীয় নৌ প্রধান এর উপস্থিতিতে স্পোর্টস কমপ্লেক্সে এরিয়া ইফতার পার্টির খন্ডচিত্র।

সীমিত

ঘ। **বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষ্যে বাণী পাঠ।** গত ১৩ এপ্রিল ২০২২ তারিখে বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষ্যে ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ডে প্রাতঃকালীন সমাবেশের পর নির্বাহী কর্মকর্তা বানোজা তিতুমীর মাননীয় নৌবাহিনী প্রধান এবং কমান্ডার খুলনা নৌ অঞ্চলের প্রদত্ত বাণী শিপস কোম্পানীর উদ্দেশ্যে পাঠ করেন।



বাংলা নববর্ষ ১৪২৯ উপলক্ষ্যে নির্বাহী কর্মকর্তা কর্তৃক বাণী পাঠ এর খন্ডচিত্র।

ঙ। **সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণ।** গত ২১ এপ্রিল ২০২২ তারিখে ১৩০০ ঘটিকায় বানোজা তিতুমীর ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণের আয়োজন করা হয়। এ সময় বানোজা তিতুমীরের সকল নৌ সদস্য, অসামরিক কর্মকর্তা ও কর্মচারীগণ উপস্থিত ছিলেন।



ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে মাসিক সিও'স টক ও নিরাপত্তামূলক ভাষণের খন্ডচিত্র

চ। **ঘাঁটির নিরাপত্তা সচেতনতা ও এর গুরুত্ব সম্পর্কে স্টাডি পিরিয়ড।** গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে সকাল ১২০০ ঘটিকায় ঘাঁটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ঘাঁটির নিরাপত্তা সচেতনতা ও এর গুরুত্ব সম্পর্কে স্টাডি পিরিয়ড এর আলোচনা করা হয়। উক্ত স্টাডি পিরিয়ডে খুলনা নৌ অঞ্চলের মনোনীত কর্মকর্তা ও নাবিকগণ উপস্থিত ছিলেন।



ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে ঘাঁটির নিরাপত্তা সচেতনতা ও এর গুরুত্ব সম্পর্কে স্টাডি পিরিয়ড এর খন্ডচিত্র।

ছ। **অধিনায়ক কর্তৃক ইফতার পার্টি নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়।** গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয় এর ডাইনিং হলে ইফতার পার্টির আয়োজন করা হয়। উক্ত ইফতার পার্টিতে অধিনায়ক বানোজা তিতুমীর ক্যাপ্টেন মির্জা মোহাম্মদ মেহেদী হাসান, (ট্যাজ), পিসিজিএমএস, এএফডবিউসি, পিএসসি বিএন প্রদান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



নবীন নাবিক প্রশিক্ষণ বিদ্যালয়ের ডাইনিং হলে অধিনায়ক কর্তৃক ইফতার পার্টির খন্ডচিত্র।

সীমিত

জ। বানৌজা অগ্রদূত এবং ইমাম গাজ্জালীর ডিকমিশনিং অনুষ্ঠান। গত ২৫ এপ্রিল ২০২২ তারিখে সকাল ১১০০ ঘটিকায় বানৌজা তিতুমীরের ব্যবস্থাপনায় বানৌজা অগ্রদূত এবং বানৌজা ইমাম গাজ্জালীর ডি-কমিশনিং অনুষ্ঠান নেভাল বার্থ-২ খুলনাতে অনুষ্ঠিত হয়। উক্ত অনুষ্ঠানে কমান্ডার খুলনা নৌ অঞ্চল প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।



বানৌজা অগ্রদূত এবং বানৌজা ইমাম গাজ্জালীর ডিকমিশনিং অনুষ্ঠান এর খন্ডচিত্র।

ঝ। ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে বাণী পাঠ। গত ২৭ এপ্রিল ২০২২ তারিখে ঘাঁটিস্থ প্যারেড গ্রাউন্ডে প্রাতঃকালীন সমাবেশের পর অধিনায়ক বানৌজা তিতুমীর ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মহামান্য রাষ্ট্রপ্রতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় নৌবাহিনী প্রধান এবং কমান্ডার খুলনা নৌ অঞ্চল কর্তৃক প্রদত্ত বাণী শিপস কোম্পানীর উদ্দেশ্যে পাঠ করেন।



ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে শিপস কোম্পানীর উদ্দেশ্যে অধিনায়ক কর্তৃক বাণী পাঠ এর খন্ডচিত্র।

ঞ। নির্বাহী কর্মকর্তা কর্তৃক সাপ্তাহিক ও নিরাপত্তা মূলক ভাষণ। গত ২৪ এপ্রিল ২০২২ তারিখে বানৌজা তিতুমীর প্যারেড গ্রাউন্ডের শেডে নির্বাহী কর্মকর্তা শিপস কোম্পানীর উদ্দেশ্যে ঈদ-উল-ফিতর এর ছুটি গমনের সময় সতর্কতামূলক দিকনির্দেশনা এবং নিরাপত্তামূলক ভাষণ প্রদান করেন।



নির্বাহী কর্মকর্তা কর্তৃক সাপ্তাহিক ও নিরাপত্তা মূলক ভাষণ এর খন্ডচিত্র।

ট। পবিত্র শব-ই ক্বদর উপলক্ষ্যে বিশেষ মোনাজাত। গত ২৮ এপ্রিল ২০২২ তারিখে তারাবী নামাজের পর বানৌজা তিতুমীর কেন্দ্রীয় জামে মসজিদ এবং নাবিক আবাসিক এলাকা মসজিদে বিশেষ মোনাজাতের আয়োজন করা হয়। উক্ত বিশেষ মোনাজাতে কর্তব্যরত ব্যক্তি ব্যতিত ভিতরে বসবাসকারী সকল নৌ সদস্য উপস্থিত ছিলেন।



বানৌজা তিতুমীর কেন্দ্রীয় জামে মসজিদে পবিত্র শব-ই ক্বদর উপলক্ষ্যে বিশেষ মোনাজাত এর খন্ডচিত্র।

৩ সীমিত

সীমিত

৪। **ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মেহেদি প্রতিযোগিতা**। গত ৩০ এপ্রিল ২০২২ সকাল ১১০০ ঘটিকায় বিএনএফডবিউএ খুলনা এর অয়োজনে ঘাটিস্থ ফেয়ারওয়ে মাল্টিপারপাস হলে কর্মকর্তা, জেসিওস ও তদনিম্ন নাবিকদের কন্যা সন্তানদের অংশগ্রহণে এক মনোজ্ঞ মেহেদি প্রতিযোগিতার আয়োজন করা হয়। উক্ত আয়োজনে চেয়ারম্যান বিএনএফডবিউএ খুলনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে অনুষ্ঠানটি উপভোগ করেন।



কর্মকর্তা, জেসিওস ও তদনিম্ন নাবিকদের কন্যা সন্তানদের ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে মেহেদি প্রতিযোগিতার খন্ডচিত্র।

২। বানোজা শের-ই-বাংলা।

ক। **সচিব (প্রতিরক্ষা মন্ত্রণালয়), কমান্ডার খুলনা নৌ অঞ্চল এবং ই এন সির প্রতিনিধি কর্তৃক “বানোজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন” প্রকল্প পরিদর্শন**। গত ০২ এপ্রিল ২০২২ তারিখ সচিব (প্রতিরক্ষা মন্ত্রণালয়), কমান্ডার খুলনা নৌ অঞ্চল এবং ই এন সির প্রতিনিধি “বানোজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন” প্রকল্প পরিদর্শন করেন। পরিদর্শনকালে প্রতিনিধিদল প্রকল্পের নির্মাণ কাজের খোঁজ খবর নেন এবং প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।



চিত্র-১ : কমান্ডার খুলনা নৌ অঞ্চল এবং ই এন সির প্রতিনিধি কর্তৃক “বানোজা শের-ই-বাংলা পটুয়াখালী স্থাপন” প্রকল্প পরিদর্শন এর স্থির চিত্র।

৩। সোলাম।

ক। **সহকারি নৌবাহিনী প্রধান (পার্সোনেল) কর্তৃক সোলাম পরিদর্শন**। গত ১১ এপ্রিল ২০২২ সহকারি নৌবাহিনী প্রধান (পার্সোনেল) রিয়ার এডমিরাল এম মোজাম্মেল হক, ওএসপি, এনইউপি, এনডিসি, পিএসসি অত্র ঘাঁটি পরিদর্শন করেন। পরিদর্শনকালীন তিনি ঘাঁটির বিভিন্ন স্থাপনা/ অফিসসহ নবনির্মিত ১০ তলা ট্রেনিং ব্লক পরিদর্শন করেন এবং সোলামে প্রশিক্ষণ ও ঘাঁটির উন্নয়নের বিভিন্ন বিষয়ে দিক নির্দেশনা প্রদান করেন।



চিত্রঃ সহকারি নৌবাহিনী প্রধান (পার্সোনেল) কর্তৃক সোলাম পরিদর্শনের কয়েকটি মুহূর্ত।

সীমিত

খ। স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট এর ৬ষ্ঠ কমিশনিং দিবস উদযাপন। গত ১৭ এপ্রিল ২০২১ তারিখ স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট এর ৬ষ্ঠ কমিশনিং দিবস উদযাপন করা হয়। উক্ত দিনে ঘাঁটিস্থ মসজিদে বাদ ফজর বিশেষ মোনাজাতে অত্র ঘাঁটি ও বাংলাদেশ নৌবাহিনীর উন্নতি ও সমৃদ্ধি কামনা করে দোয়া করা হয় এবং উক্ত দিন সন্ধ্যায় ঘাঁটির কমিশনিং দিবস উপলক্ষ্যে ইফতার ও প্রীতিভোজের আয়োজন করা হয়। উক্ত ইফতার ও প্রীতিভোজে কমান্ডার খুলনা নেভাল এরিয়াসহ খুলনা নৌ অঞ্চলের উর্দ্ধতন সামরিক ও অসামরিক কর্মকর্তাগণ এবং ঘাঁটির অধিনায়কসহ সকল কর্মকর্তা জেসিও, পিও, নাবিক ও অসামরিক কর্মচারীবৃন্দ অংশ গ্রহণ করেন।



চিত্রঃ স্কুল অব লজিস্টিক্স এন্ড ম্যানেজমেন্ট এর ৬ষ্ঠ কমিশনিং দিবস উদযাপনের কয়েকটি মুহূর্ত।

৪। বিএ ডকইয়ার্ড মোংলা (এডহক)

ক। নবনিযুক্ত ‘সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড’ কর্তৃক বিন ডকইয়ার্ড মোংলা (এডহক) ওয়ার্কশপ এলাকা পরিদর্শন এবং সকল স্তরের সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে ভাষণ। খুলনা ও মোংলা নৌঅঞ্চলের জাহাজসমূহের চলমান মেরামত ও রক্ষণাবেক্ষণ কার্যক্রম গতিশীল রাখার নিমিত্তে কমডোর মোঃ বেনজীর মাহমুদ, (ই), এনপিপ, পিএসসি বিএন (পি নং ৭৬৩) ‘সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড (মনোনীত)’ হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন ও যোগদান করেছেন। গত ১৭ এপ্রিল ২০২২ নবনিযুক্ত ‘সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড (মনোনীত)’ বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) ওয়ার্কশপ এলাকা পরিদর্শন করেন এবং অত্র সংস্থায় কর্মরত সকল স্তরের সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক ভাষণ প্রদান করেন। এ সম্পর্কিত বিভিন্ন চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্র-১ঃ নবনিযুক্ত ‘সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড (মনোনীত)’ কর্তৃক বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) ওয়ার্কশপ এলাকা পরিদর্শন

চিত্র-২ঃ নবনিযুক্ত ‘সুপারিনটেনডেন্ট মোংলা ডকইয়ার্ড (মনোনীত)’ সকল স্তরের সামরিক ও অসামরিক নৌসদস্যদের উদ্দেশ্যে দিকনির্দেশনামূলক ভাষণ

খ। বানৌজা সাংগু এর বাম প্রধান ইঞ্জিন টপ ওভারহলিং। বানৌজা সাংগু এর বাম প্রধান ইঞ্জিনের টপ ওভারহলিং কার্য বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক সম্পন্ন করা হয়। এ সম্পর্কিত চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্রঃ বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক বানৌজা সাংগু এর বাম প্রধান ইঞ্জিন টপ ওভারহলিং এর কার্য

সীমিত

গ। বানৌজা তুরাগ এর এইচপি এয়ার কম্প্রেসর মোটর রি-ওয়াইডিং। বানৌজা তুরাগ এর এইচপি এয়ার কম্প্রেসর মোটর (৭.৫ কিলোওয়াট, ৪৪০ ভোল্ট, ৫০ হার্টজ) ত্রুটিযুক্ত হওয়ায় জাহাজ কর্তৃক প্রদত্ত অপারেশনাল কার্যাদেশ (কার্যাদেশ নং ওপি-০৯ তারিখ ১৮ এপ্রিল ২০২২) এর প্রেক্ষিতে, বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক মোটরটি জাহাজ হতে স্থানান্তরপূর্বক রি-ওয়াইডিং করতঃ প্রয়োজনীয় মেরামত শেষে জাহাজে পুনঃস্থাপন করা হয়। এ সম্পর্কিত চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্রঃ বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক বানৌজা তুরাগ এর এইচপি এয়ার কম্প্রেসর মোটর রি-ওয়াইডিং এর কার্য

ঘ। বানৌজা সুরমা এর সম্মুখ জেনারেটর মেজর ওভারহলিং। বানৌজা সুরমা এর সম্মুখ ডিজেল জেনারেটর এর মেজর ওভারহলিং কার্য বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক সম্পন্ন করা হয়। এ সম্পর্কিত চিত্র নিম্নে প্রদত্ত হলোঃ



চিত্র: বিএন ডকইয়ার্ড মোংলা (এডহক) কর্তৃক বানৌজা সুরমা এর সম্মুখ জেনারেটর এর সম্মুখ ওভারহলিং কার্য